দর্শনা পৌর এলাকায় মোশক নিধন কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত

দর্শনা পৌর এলাকায় মোশক নিধন কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছেন পৌর কতৃপক্ষ। আগামী ২৪/০৮/২০২৫ ইং তারিখ দর্শনা ২ নং ওয়ার্ড থেকে এ মোশক নিধন কার্যক্রমের উদ্বোধন করবেন পৌর মেয়রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপজেলা ভুমি কমিশনার এ এইচ এম তাসফিকুর রহমান। আগামী ২৪ আগষ্ট থেকে ১৫ সেপ্টেম্বর-২০২৫ তারিখ পর্যন্ত এ কার্যক্রম চলবে বলে জানান পৌর কর্তৃপক্ষ।

এসময় মোশক নিধন সভায় উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার কাউন্সিলরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তরিকুল ইসলাম, উপজেলা শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক, উপজেলা প্রকৌশলী কর্মকর্তা রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ ও উপজেলা সহকারী কৃষি কর্মকর্তা মুকুল হোসেন।

এছাড়া দর্শনা পৌর কর্মকর্তা শাহ আলম, পৌর কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, আরেফিন হোসেন ও জাহিদুল ইসলাম।

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দর্শনা শাহারিয়ার মুক্ত মঞ্চের সামনে এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান, মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান।

এসময় এলাকাবসীর পক্ষে সাজ্জাদ হোসেন বলেন, দর্শনা এলাকায়

দ্রুতগামী মোটর-সাইকেল শব্দ করে চালানো, গভীর রাতে বিকট শব্দ করে সাউন্ড বক্স বাজানো বন্ধ করা, মাদক চোরাচালান বিষয়ে পুলিশ প্রতি নজর দেওয়ার দাবী করেন।

এছাড়া দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জনতার উদ্যেশে বলেন, আমাদের দর্শনা থানার পুলিশের দায়িত্ব পালনে কোনো ত্রুটি থাকলে আমার কাছে নিরদিধায় জানাবেন। আমরা সেগুলোকে আমলে নিয়ে আমাদের দায়িত্ব পালনে অবিচল থাকবো। ইতোপূর্বে দর্শনা থানাধীন হিজলগাড়ী ও গড়ায়টুপি এলাকায় সাধারণ মানুষের উপস্থিতিতে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা করেছি। এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অব্যহত থাকবে। দর্শনা থানার প্রতিটি এলাকায় এ মতবিনিময় সভা করে যাবেন বলে জানান।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের উদ্যোগে নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলা শাখার উদ্যোগে ওয়ার্ড পর্যায়ের দায়িত্বশীলদের নিয়ে এক নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টায় আলমডাঙ্গা উপজেলা জামায়াত কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাচন বিভাগের পরিচালক মুহা. মামুন রেজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, জেলা সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা জর্জ কোর্টের এপিপি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “দেশের বেকার যুবসমাজকে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে একটি ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হবে। সমাজে বৈষম্য দূর করে ন্যায়ের ভিত্তিতে রাষ্ট্র গঠনই আমাদের লক্ষ্য।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক ও নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান দারুস সালাম, উপজেলা জামায়াতের আমীর ও আলমডাঙ্গা মহিলা ডিগ্রি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক শফিউল আলম বকুল।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা তারবিয়াত সেক্রেটারি বিলাল হুসাইন, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, যুব বিভাগের সভাপতি তরিকুল ইসলাম, আইন ও আদালত সম্পাদক মোহাম্মদ আলী, মানব সম্পদ সম্পাদক শফিউজ্জামান মিঠুসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের আমীর-সেক্রেটারি ও ওয়ার্ড পর্যায়ের সভাপতি ও দায়িত্বশীলগণ। কর্মশালায় বক্তারা আসন্ন উপজেলা ও জাতীয় নির্বাচনে সংগঠনের কৌশল, কর্মপরিকল্পনা এবং মাঠ পর্যায়ের সংগঠন শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করেন।

সরোজগঞ্জে কারেন্ট জালসহ ৫০ হাজার টাকার সরঞ্জাম ধ্বংস

চুয়াডাঙ্গার সরোজগঞ্জ বাজারে যৌথ বাহিনীর বিশেষ অভিযানে বিপুল পরিমাণ অবৈধ মাছ ধরার সরঞ্জাম জব্দ ও ধ্বংস করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানকালে সরোজগঞ্জ বাজারের জাহাঙ্গীর স্টোর থেকে প্রায় ৫০ হাজার টাকার অবৈধ মালামাল জব্দ করা হয়। জব্দকৃত মালামালের মধ্যে ছিল মাছ ধরার নিষিদ্ধ কারেন্ট জাল, প্রায় ১০ কেজি জাল, জাল তৈরির বিভিন্ন সরঞ্জাম, ভারা ও মাদলী, আতশবাজি এবং পটকা। পরে উদ্ধারকৃত সব মালামাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী ভূমি কর্মকর্তা আশিক মমতাজের নির্দেশনায় এ বিশেষ অভিযান পরিচালিত হয়। তবে এ ঘটনায় কাউকে কোনো আর্থিক জরিমানা করা হয়নি বলে জানা গেছে। অভিযান চলাকালে বিজিবি ও পুলিশ সদস্যরা সার্বিক সহযোগিতা প্রদান করেন।

স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে সরোজগঞ্জ বাজারে গোপনে কারেন্ট

জাল ও নিষিদ্ধ সরঞ্জামের বেচাকেনা চলছিল। অভিযানের পর এলাকাবাসী স্বস্তি প্রকাশ করেছেন এবং এ ধরনের অভিযান নিয়মিত চালানোর দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গা রেলস্টেশন থেকে যুবকের মরদেহ উদ্ধার

আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন থেকে অজ্ঞাত পরিচয় এক যুবকের লাশ উদ্ধার করেছে রেলওয়ে পুলিশ। গতকাল সোমবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে স্টেশনের প্ল্যাটফর্মের পাশে লাশটি পড়ে থাকতে দেখে যাত্রীরা পুলিশকে খবর দেন।

প্রথমে যাত্রীরা ভেবেছিলেন যুবকটি নেশাগ্রস্ত অবস্থায় পড়ে আছেন। কিন্তু ট্রেন আসার আগে সরাতে গেলে তারা বুঝতে পারেন তিনি মারা গেছেন। পরে রেলওয়ে পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে।

পুলিশ জানায়, মৃত ব্যক্তির আঙুলের ছাপ সংগ্রহ করে জাতীয় পরিচয়পত্রের ডাটাবেজে যাচাই করলে তার পরিচয় নিশ্চিত হওয়া যায়। তিনি পাবনা জেলার ঈশ্বরদী থানার খায়েরবাড়িয়া গ্রামের আবু আলীর ছেলে শরিফুল ইসলাম।

তবে কীভাবে তার মৃত্যু হয়েছে তা এখনো স্পষ্ট নয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, হয়তো তাকে শ্বাসরোধ করে হত্যার পর প্ল্যাটফর্মের পাশে ফেলে রাখা হয়েছে। অন্যদিকে কিছু যাত্রীদের ধারণা, লাশটি এমনভাবে রাখা ছিল যে ট্রেন এলেই তা কেটে যেতে পারত। নেশাগ্রস্ত বা স্ট্রোক করলে তিনি অন্যত্র পড়ে থাকতেন, তাই ঘটনাটিকে রহস্যজনক বলছেন স্থানীয়রা।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ সূত্রে জানা গেছে, লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে। সঠিক মৃত্যুর কারণ তদন্ত শেষে জানা যাবে।

দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহ পালিত

দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে সড়ক র্যালী, পোনা অবমুক্ত, আলোচনা সভা ও মৎস্য চাষীদের মাঝে ক্রেস্ট বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে নানা কর্মসূচির মাধ্যমে দিবসটির উদ্বোধন করা হয়। জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে ৩জন মৎস্য চাষীকে সম্মাননা স্মারক ক্রেস্ট প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা ফারুক মহালদারের সভাপতিত্বে র্যালী, পোনা অবমুক্ত করণ, আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ্, উপজেলা বিএনপি’র সভাপতি সাবেক ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান মনির, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা জামায়াতে ইসলামীর আমির নায়েব আলী, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ।

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের যৌথ আয়োজনে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা মৎস্যজীবি দলের আহ্বায়ক আব্দুল কাদের, সদস্য সচিব আমিরুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ঈদ্রীস আলী, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা, উপজেলা জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী আবেদ উদ দৌলা টিটন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দসহ মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যবৃন্দ প্রমুখ।

আলোচনা সভা অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন তেলোয়াত করেন মুফতি মামুনুর রশীদ, গিতা পাঠ করেন নারায়ণ চন্দ্র পাল। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন, উপজেলা মৎস্য দপ্তরের অফিস সহকারী আব্দুর রশিদ।

আলমডাঙ্গায় ভ্যান চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা চোর

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়নের আইলহাস বাজার সংলগ্ন শ্রী নেংটে কুমারের ছেলে সঞ্জয় কুমারের বাড়িতে ভ্যান চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছে এক চোর। গতকাল সোমবার রাত আনুমানিক ১টার দিকে এ ঘটনা ঘটলে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

স্থানীয় সূত্র জানায়, ওই রাতে আবারও ভ্যান চুরি করতে বাড়িতে প্রবেশ করে চক্রের সদস্যরা। এ সময় বাড়ির লোকজন টের পেয়ে চিৎকার করলে চোরেরা পালানোর চেষ্টা করে। গ্রামবাসীর ধাওয়া খেয়ে পদ্মবিলা ইউনিয়নের গোপালনগর গোপীনাথপুর গ্রামের জাহিদুল কানার ছেলে ইয়াদুল ধরা পড়ে।

পরে তাকে জিজ্ঞাসাবাদে ইয়াদুল স্বীকার করে যে, পাঁচ দিন আগে একই বাড়ি থেকে মোটরচালিত একটি ভ্যান চুরি করেছে সে ও তার সহযোগীরা। এ চুরির ঘটনায় জড়িত ছিল, হামিদ বাঙালের ছেলে সাগর, পোলগুন্দা গ্রামের মোশাররফের ছেলে লিখন ও আরও একজন অজ্ঞাত ব্যক্তি। এছাড়া চুরি হওয়া ভ্যান বর্তমানে সাগরের কাছে রয়েছে বলেও সে স্বীকার করে। পরবর্তীতে ভ্যান উদ্ধারের দায়িত্ব পুলিশকে দেওয়া হয়েছে।

ঘটনার পর থেকে এলাকায় চুরি নিয়ে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়দের দাবি, দ্রুত চক্রের বাকি সদস্যদের গ্রেপ্তার করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।

চুয়াডাঙ্গায় নানা আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন

‘অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি’ এ শ্লোগানকে ধারণ করে চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার (১৮ আগস্ট) সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের কোর্টমোড় ঘুরে আবার একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা মৎস্য কর্মকর্তা আবুল কালাম আজাদের সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। সদর উপজেলা মৎস্য কর্মকর্তা বেলাল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।

এছাড়া বক্তব্য দেন মৎস্য চাষি কামরুজ্জামান বাবলু, ফাইম মুনতাছির, মোহাম্মদ আলী ও আলিফ উদ্দিন। অনুষ্ঠানে মৎস্য চাষে অবদান রাখায় চারজন চাষিকে ক্রেস্ট প্রদান করা হয়। এতে সরকারি দপ্তরের কর্মকর্তা, জেলার চার উপজেলার মৎস্য চাষি ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশ নেন।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ পালন

অভয়াশ্রম গড়ে তুলি”দেশি মাছে দেশ ভরি”এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উৎযাপন উপলক্ষে আলোচনা সভা পুরস্কার বিতরণ করা হয়েছে।

উপজেলা প্রশাসন ও সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে আজ সোমবার সকালে বলুহর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারি কমপ্লেক্স চত্বর থেকে একটি র্যালী বের হয়ে বলুহর বাওড়ে গিয়ে মাছের পোনা অবমুক্ত করেন পরে হ্যাচারি কমপ্লেক্সের ট্রেনিং সেন্টারে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয় ।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম। বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,জামায়াতে ইসলামীর আমীর মাওলানা তাজুল ইসলাম, মৎস্য হ্যাচারি কমপ্লেক্সের প্রশিক্ষক কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম,কৃষি অফিসার জাহিদ হোসেন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, জনস্বাস্থ প্রকৌশলী জিল্লুর রহমান, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব সভাপতি মঈন উদ্দিন খান, সাধারণ সম্পাদ আব্দুল্লাহ বাশার, বৈষম্য ছাত্র আন্দোলনের হৃদয় আহসান, সাংবাদিক আবুল হাসান, রোকনুজ্জামান প্রমুখ।

সে সময় স্হানীয় পর্যায়ে সফল মৎস্য চাষি উদ্যোক্তা প্রতিষ্ঠানের ৩ জন কে ক্রেস্ট দেওয়া হয় ও পুরস্কার বিতরণ করা হয়।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন তথ্য কর্মকর্তা তানিয়া সুলতানা।

এ সময় মৎস্য চাষী, বাওড় ইজারাদার, উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারীসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আখ চাষী সমাবেশ অনুষ্টিত

দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে আখ চাষী সমাবেশ অনুষ্টিত হয়েছে। গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে লোকনাথপুর মাধ্যমিক বিদ্যালয়ে এ আখ চাষী সমাবেশে অনুষ্টিত হয়।

আখ চাষী সমাবেশে সভায় সভাপতিত্ব করেন, বিশিষ্ট আখচাষী জামাল হোসেন। প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, কেরুজ চিনিকলের

ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান। এ সময় তিনি বলেন, ২০২৫-২৬ রোপন ও মাড়াই মৌসুমে আখরোপণ লক্ষ্যমাত্রা অর্জন এবং পরিস্কার-পরিচ্ছন্ন গুনগত মানসম্পন্ন আখ সরবরাহ করতে হবে। আপনারা ভালো জাতের আখ লাগাবেন আপনারা লাভবান হবেন। আপনাদের কথা চিন্তা করে আগামী বছর আখের মৃল্য বৃদ্ধি করার চিন্তা করছে বাংলাদেশ খাদ্য ও চিনি শিল্প করপোরেশন।

এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, কেরুজ চিনিকলের জিএম কৃষি আশরাফুল আলম ভূইয়া এবং ডিজিএম (সম্প্রসারণ) মাহবুবুর রহমানসহ প্রায় শতাধীক আখচাষী উপস্থিত ছিলেন।